

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭৪৭ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ আত্মীয়তা অক্ষুন্ন রাখার গুরুত্ব

আরবী

عَن أَسٍ قَالَ: كَانَ أَبُو طَلْحَةَ أَكْثَرَ الأَنْصَارِ بِالمَدِينَةِ مَالاً مِنْ نَخْلُ وَكَانَ أَحُبُّ أَمُوالِهِ إِلَيْهُ بَيْرُحَاء وَكَانت مُسْتَقْبِلَةَ المَسْجِدِ وَكَانَ رَسُولَ الله عَلَيْ يَدْخُلُهَا وَيَشْرَبُ مِنْ مَاءٍ فِيهَا طَيِّبِ قَالَ أَنسٌ: فَلَمَّا نَزَلَتْ هَذَهِ الآيَةُ: لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ قام أَبُو طَلْحَةَ إِلَى رَسُولِ الله عَلَيْكَ لَنْ تَنَالُوا اللهِ إِنَّ الله تَعَالَى أَنْزَلَ عَلَيْكَ لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ وَإِنَّ أَحَبُ مَالِي إِلَيَّ بَيْرُحَاءُ وَإِنَّهَا صَدَقَةٌ للهِ تَعَالَى أَرْجُو الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ وَإِنَّ أَحَبُ مَالِي إِلَيَّ بَيْرُحَاءُ وَإِنَّهَا صَدَقَةٌ للهِ تَعَالَى أَرْجُو اللهِ بَرَّهَا وَذُخْرَهَا عِنْدَ الله تَعَالَى فَضَعُهَا يَا رَسُولَ اللهِ حَيْثُ أَرَاكَ الله فَقَالَ رَسُولُ اللهِ عَيْكُ أَرَاكَ الله فَقَالَ رَسُولُ اللهِ عَيْثُ أَرَاكَ الله فَقَالَ رَسُولُ اللهِ عَيْثُ أَرَاكَ الله فَقَالَ رَسُولُ اللهِ عَيْثُ مَالٌ رَابحٌ ذلِكَ مَالٌ رَابحٌ وقَدْ سَمِعْتُ مَا قُلْتَ وَإِنِّي أَرَى أَنْ تَجْعَلَهَا في الأَقْرَبِينَ بَحْ ذلِكَ مَالٌ رَابحٌ ذلِكَ مَالٌ رَابحٌ وقَدْ سَمِعْتُ مَا قُلْتَ وَإِنِّي أَرَى أَنْ تَجْعَلَهَا في الأَقْرَبِينَ فَقَالَ أَبُو طَلْحَةَ في أَقَارِبِهِ وبَنِي عَمِّهِ مُتَّفَقٌ عَلَيهِ فَقَالَ أَبُو طَلْحَةَ في أَقَارِبِهِ وبَنِي عَمِّهِ مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(১৭৪৭) আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, মদীনার আনসারীগণের মধ্যে আবৃ তালহা (রাঃ) সবচেয়ে অধিক খেজুর বাগানের মালিক ছিলেন। মসজিদে নববীর নিকটবর্তী বায়রুহা নামক বাগানিট তাঁর কাছে অধিক প্রিয় ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাগানে প্রবেশ ক'রে সুপেয় পানি পান করতেন। আনাস (রাঃ) বলেন, যখন এ আয়াত অবতীর্ণ হল; যার অর্থ, "তোমরা কখনও পুণ্য লাভ করতে পারবে না, যতক্ষণ না তোমাদের প্রিয় জিনিস আল্লাহর পথে ব্যয় করেছ।" (আলে ইমরান ৯২) তখন আবৃ তালহা (রাঃ) আল্লাহর রসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গিয়ে বললেন, 'ইয়া রাসূলুল্লাহ! আল্লাহ আপনার উপর (আয়াত) অবতীর্ণ ক'রে বলেছেন, "তোমরা কখনও পুণ্য লাভ করতে পারবে না, যতক্ষণ না তোমাদের প্রিয় জিনিস আল্লাহর পথে ব্যয় করেছ।" আর বায়রুহা বাগানটি আমার নিকট সবচেয়ে প্রিয়। এটি আল্লাহর নামে সদকাহ করা হল। আমি এর কল্যাণ কামনা করি এবং তা আল্লাহর নিকট আমার জন্য জমা হয়ে থাকবে। কাজেই আপনি যাকে দান করা ভাল মনে করেন, তাকে দান ক'রে দিন।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, "আরে! এ হচ্ছে লাভজনক সম্পদ। এ হচ্ছে লাভজনক সম্পদ। তুমি যা বলেছ, তা শুনেছি। আমি মনে করি, তুমি তোমার আপন-জনদের মধ্যে তা বন্টন করে দাও।" আবৃ তালহা (রাঃ) বললেন, 'ইয়া রাসূলাল্লাহ! আমি তাই করব।' তারপর তিনি তাঁর আত্মীয়-স্বজন, আপন চাচার বংশধরদের মধ্যে তা বন্টন ক'রে দিলেন। (বুখারী ১৪৬১, মুসলিম



২৩৬২)

ফুটনোট

(বুখারী ১৪৬১, মুসলিম ২৩৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন